বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
কমিশন সেক্রেটারিয়েট ডিপার্টমেন্ট
কমিশন মিটিং সেকশন
www.sec.gov.bd

স্মারক নংঃ বিএসইসি/কমিশন সচিবালয়/বিভাগীয় মামলা নং-০৩/২০২৫ নথি/১৮/২০২৫/৪৪৩ তারিখঃ ১৮.০৮.২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, **জনাব মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (সাধারণ), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন** এর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগসমূহের উপর ভিত্তি করিয়া বিভাগীয় মামলা (নং-**০৩/২০২৫**) রজু করতঃ তাঁর নিকট হতে কৈফিয়ত তলব করা হয়ঃ

১. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকায় কমিশনের বোর্ডরুমে কমিশন কর্তৃক গঠিত অনুসন্ধান ও তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত চারটি রিপোর্টের বিষয়ে কমিশনের সিদ্ধান্ত গ্রহণের জন্য চলমান সভার সভাপতি ও কমিশনারগণের অনুমতি না চেয়ে তিনি নিজেসহ তাঁর নেতৃত্বে ও নির্দেশনায় জোর পূর্বক সজোরে বোর্ডরুমের দরজা ধাক্কা দিয়ে তীব্র চিৎকারে মুহর্তে কিছুসংখ্যক কর্মচারী, কমিশনের বোর্ডরুমে অনুপ্রবেশ করে বোর্ডরুমে বেআইনি ও চাকরি শৃঙ্খলা পরিপন্থী কার্য করে বোর্ডরুমের নিয়ন্ত্রণ নিয়ে চেয়ারম্যান ও কমিশনারদের অবরুদ্ধ করে ফেলেন; এবং

২. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকায় বোর্ডরুমে কমিশনের সভার চলমান কাজ জোরপূর্বক বন্ধ করে দিয়েছেন; এবং

৩. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখ সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা পরবর্তী অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত সময়কাল বোর্ড রুমে চেয়ারম্যান ও কমিশনারদের বিরুদ্ধে অনবরত জোর চিৎকার ভুয়া, তারা অযোগ্য ইত্যাদি অশ্লীল স্লোগান, গালিগালাজ ও মন্তব্য করতে থাকেন এবং ঐ মুহূর্তে তাদের পদত্যাগ দাবি করতে থাকেন; এবং

৪. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:০০ ঘটিকা হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অসৎ উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে কমিশন ভবনের সিসি ক্যামেরা বন্ধ করেছেন ও ০৯/০৩/২০২৫ ইং তারিখ রবিবার সকাল আনুমানিক ১১:০০ ঘটিকা পর্যন্ত বন্ধ রেখেছেন এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ইচ্ছাকৃতভাবে ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত বোর্ডরুমে লাইট ও বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছেন এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কমিশন ভবনের মূল ফটক ও বিভিন্ন তলার প্রবেশদ্বার বন্ধ করে দিয়েছেন; এবং

৫. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত বোর্ডরুমে অবস্থান করে কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান কে অবসর প্রদানের ০৪/০৩/২০২৫ ইং তারিখের কমিশনের আদেশ এবং বর্ণিত অনুসন্ধান ও তদন্ত কমিটির রিপোর্টের সূত্রে কমিশন কর্তৃক কয়েকজন কর্মকর্তাকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ তাৎক্ষনিক প্রত্যাহার করে নেওয়ার জন্য চিৎকার করেন ও পেশিশক্তি প্রদর্শন করে ভয়ানক চাপ সৃষ্টি করেছেন; এবং

৬. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত সময়কালে বোর্ডরুমে কমিশনের পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান কে অবসর প্রদানের ০৪/০৩/২০২৫ ইং তারিখের আদেশ এবং বর্ণিত অনুসন্ধান ও তদন্ত কমিটির রিপোর্টের সূত্রে কমিশন কর্তৃক কয়েকজন কর্মকর্তাকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ এর প্রেক্ষিতে কমিশনের সিদ্ধান্তের যৌক্তিকতা জানানোর জন্য বহুবার অনুরোধ করে চেষ্টা করলেও তাঁদেরকে কথা বলতে বাধা দিয়েছেন; এবং

৭. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত সময়ে কমিশনের পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান কে অবসর প্রদানের ০৪/০৩/২০২৫ ইং তারিখের কমিশনের আদেশ এবং বর্ণিত অনুসন্ধান ও তদন্ত কমিটির রিপোর্টের সূত্রে কমিশন কর্তৃক কয়েকজন কর্মকর্তাকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ এর প্রেক্ষিতে কমিশনের সিদ্ধান্ত তাৎক্ষণিক তথা বোর্ডরুমে ঐ মুহূর্তে প্রত্যাহার করা না হলে চরম পরিনতির পরিস্থিতির সম্মুখীন হতে হবে মর্মে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণকে ভীতি প্রদর্শন করেছেন; এবং

৮. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত সময়কালে বোর্ডরুম হতে চেয়ারম্যান ও কমিশনারগণ যাতে বিদ্যমান উচ্ছৃঙ্খল পরিস্থিতিতেও চেয়ারম্যান এর অফিস কক্ষে যেতে না পারেন সেজন্য বোর্ডরুম ও চেয়ারম্যান এর অফিস কক্ষের মধ্যকার দরজা বন্ধ করে দিয়েছেন এবং বন্ধ রেখেছেন; এবং

৯. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকা হতে অনুমান দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত সময়ে বোর্ডরুমে আলো, বিদ্যুৎ, এসি বিহীন অবস্থায় প্রায় ৪ ঘন্টা চেয়ারম্যান ও কমিশনারগণকে বোর্ডরুমে ভয়ংকর ও ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করে শ্বাসরুদ্ধকর অবস্থায় জিম্মি/অবরুদ্ধ করে রেখেছেন; এবং

১০. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকায় বোর্ডরুমে জোরপূর্বক অতর্কিত প্রবেশের পর অনুমতি না নিয়ে বোর্ডরুমে প্রবেশ করা যায় না মর্মে কমিশনের চেয়ারম্যান ও কমিশনার কর্তৃক আপনাকে জানানো হলে তিনি জোর চিৎকারে তুচ্ছ তাচ্ছিল্য করেছেন; এবং

১১. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে সকাল অনুমান ১০:৪৫ ঘটিকায় বোর্ডরুমে প্রবেশের পর দুপুর অনমান ১:৩০ ঘটিকার সময় কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের দিকে কাগজের মুন্ড ছুড়ে মেরেছেন এবং রিমোট ছুড়ে তাদেরকে শারীরিক আঘাত করার জন্য চেষ্টা করেছেন; এবং

১২. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে বোর্ডরুমে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণকে বেআইনিভাবে জিম্মি/অবরুদ্ধ করার এবং আরো খারাপ পরিণতির পরিস্থিতি সৃষ্টি করার লক্ষ্যে এতদসংক্রান্তসহ বেআইনি ও চাকরি শৃঙ্খলা পরিপন্থী সকল ঘটনা যাতে কোন স্থানে কোন ভাবে রেকর্ডেড না হয় সে জন্য পূর্ব পরিকল্পিতভাবে সকাল অনুমান ১০:০০ ঘটিকা হতে কমিশন ভবনের সিসি ক্যামেরা বন্ধ করে দিয়েছেন; এবং

১৩. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণকে বেআইনিভাবে অবরুদ্ধ করার এবং অবরুদ্ধ রাখার অসৎ অভিপ্রায়ে পূর্বপরিকল্পনায় কমিশন ভবনের 'মূল ফটক ও অন্যান্য ফ্লোরের প্রবেশদার বন্ধ করেছেন ও বন্ধ রেখেছেন এবং একারণে উপরোক্ত ০৫/০৩/২০২৫ ইং তারিখে বোর্ডরুমে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণ অবরুদ্ধ হওয়ার সংবাদ পেয়ে প্রথমে শেরে-বাংলার থানার পুলিশ ও পরবর্তীতে সেনাবাহিনী তাদেরকে উদ্ধার করতে কমিশন ভবনে পৌছে বাধাগ্রস্থ হয় এবং পুলিশ ও সেনাবাহিনীকে কমিশন বিল্ডিংয়ে ভিতরে প্রবেশের তীব্র বাধা দেন এবং এক পর্যায়ে সেনাবাহিনী ও পুলিশ বাধা অতিক্রম করে কমিশনের বোর্ডরুমে পৌছে তিনিসহ সহযোগী অন্যদের প্রতিরোধ মোকাবেলা করে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণকে ভয়ানক অবরুদ্ধ অবস্থা হতে মুক্ত করেন এবং এই সময় তিনি সেনাবাহিনী ও পুলিশের শিক্ষাগত যোগ্যতা ও জনগণের টাকায় তাদের বেতন ভাতা প্রদান করা হয় মর্মে ইত্যাদি অশোভনীয় ও অমূলক মন্তব্য করা সহ তাদের সাথে দুর্ব্যবহার করেছেন; এবং

১৪. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৫/০৩/২০২৫ ইং তারিখ দুপুর অনুমান ২:৫০ ঘটিকার সময় কমিশনে সদ্য যোগদানকৃত কমিশনের চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর হোসেনকে তাঁর কক্ষে তাকে শারীরিক নির্যাতন করেছেন এবং তাঁর পরিহিত শার্ট

ছিঁড়ে ফেলেছেন; এবং

১৫. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী একই দিন তথা ০৫/০৩/২০২৫ ইং তারিখ বিকাল অনুমান ৪:৩০ ঘটিকায় কমিশন ভবনের গ্রাউন্ড ফ্লোরে বেআইনি ও চাকরি শৃঙ্খলা পরিপন্থী সমবেত হয়ে কর্তৃপক্ষের কমিশনের পরিচালক জনাব সাইফুর রহমানকে অবসর প্রদান এবং কয়েকজন কর্মকর্তাকে কারণ দর্শানোর কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে প্রকাশ্য বিরোধিতা করে ছেন, কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের বিরুদ্ধে অসত্য, অযৌক্তিক এবং চাকরি শৃঙ্খলা পরিপন্থী মন্তব্য ও বক্তব্য প্রদান করেছেন এবং উপস্থিত থেকে বক্তব্য প্রদানে সমর্থন করেছেন এবং ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করেছেন এবং ০৬/০৩/২০২৫ ইং তারিখ অফিসের কাজ কর্ম বন্ধ রাখার তথা কর্মবিরতির ঘোষণা দিয়েছেন এবং ০৬/০৩/২০২৫ ইং তারিখ কর্মবিরতি পালন করেছেন; এবং

১৬. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৬/০৩/২০২৫ ইং তারিখ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে ০৬/০৩/২০২৫ ইং তারিখ বৃহস্পতিবার দাপ্তরিক দায়িত্ব পালনে বিরত থেকেছেন, অফিস কর্মের দায়িত্বে অনুপস্থিত ছিলেন; এবং

১৭. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৬/০৩/২০২৫ ইং তারিখ অনুমান ২:৩০ ঘটিকায় কমিশন ভবনে তিনিসহ কমিশনের কয়েকজন কর্মচারী চাকরি শৃঙ্খলা পরিপন্থি সাংবাদিক সম্মেলন করেছেন এবং কমিশনের পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান কে অবসর প্রদানের ০৪/০৩/২০২৫ ইং তারিখের কমিশনের আদেশ এবং বর্ণিত অনুসন্ধান ও তদন্ত কমিটির রিপোর্টের সূত্রে কমিশন কর্তৃক কয়েকজন কর্মকর্তাকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ এর প্রেক্ষিতে কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে প্রকাশ্য বিরোধিতা করেছেন এবং চেয়ারম্যান ও কমিশনারগণের বিরুদ্ধে সাংবাদিক সম্মেলন করে লিখিত বিবৃতি প্রদান করেছেন; এবং

১৮. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী ০৬/০৩/২০২৫ ইং তারিখ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত গণমাধ্যমে বিবৃতি দিয়েছেন এবং অসত্য ও অমূলক বক্তব্য রেখেছেন; এবং

১৯. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী উপরোক্ত কার্য করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ লঙ্ঘন করেছেন এবং কর্তৃপক্ষের আদেশ ও নির্দেশ অমান্য করেছেন; এবং

২০. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী জাতীয় অর্থনীতিতে শেয়ার বাজারের ওতপ্রোত সম্পর্কের বিষয়টি এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন একটি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো প্রতিষ্ঠান (CII) হওয়ার বিষয়টি তিনি সম্যক অবগত থেকে এবং সিসিটিভি রেকর্ডার, ডিভিআর/এনভিআর ইত্যাদি আলামত নষ্ট করা, চেয়ারম্যান ও কমিশনারদের নেমপ্লেট ভাঙ্গচুর করে শেয়ার বাজারের নেতিবাচক অবস্থার সৃষ্টির অসৎ উদ্দেশ্যে এরূপ প্রতিষ্ঠানে উক্তরূপে সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে কমিশনের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হয়েছেন; এবং

২১. তাঁর পরিকল্পনায়, নেতৃত্বে, নির্দেশনায়, ইন্ধন ও উসকানীতে, অংশগ্রহণে তিনিসহ কমিশনের কিছুসংখ্যক কর্মচারী কার্য ও আচরণ দ্বারা ইচ্ছাকৃতভাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ভাবমূর্তি দেশ ও আন্তর্জাতিক পর্যায়ে মারাত্মভাবে ক্ষুন্ন করেছেন; এবং

২। যেহেতু, উপরে বর্ণিত প্রত্যেকটি অভিযোগ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ২(১) [চাকরির শৃঙ্খলা, নিয়মের হানিকর, কর্মচারীর পক্ষে শোভনীয় নয় এমন আচরণ, উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ, কমিশনের আদেশ ও নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন ইত্যাদি অন্তর্ভূক্তে] এবং বিধি ৩৬ (আচরণ ও শৃঙ্খলা) সম্পর্কিত বিধি ৩৬(১)(ক),৩৬(২)(খ),৩৬(৩), ৩৬(৬) তৎসহ বিধি ২(১) ও বিধি ৪৯ এর আওতায় "অসদাচরণ" অন্তর্ভূক্তে এবং কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ৪৮ ও এতসংশ্লেষ্টে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) [অসংগত আচরণ, চাকরি শৃঙ্খলার জন্য হানিকর আচরণ, শিষ্টাচার বহির্ভূত আচরণ ইত্যাদি অন্তর্ভূক্তে] তৎসহ উক্ত বিধি ২(১) এবং বিধি ৪৯ এর এর আওতায় "অসদাচরণ" এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ বিধিমালার বিধি ৪৯(ছ) এর আওতায় নাশকতামূলক কার্য সম্পর্কিত বর্ণিত অভিযোগে

**২৯.০৪.২০২৫** তারিখে অনুষ্ঠিত **৯৫৪তম** কমিশন সভায় গত ০৫ ও ০৬ মার্চ ২০২৫ তারিখে সংঘটিত **'অসদাচরণ'** ও নাশকতামূলক ঘটনার প্রেক্ষিতে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান মহোদয় উপস্থিত সকল কমিশনারগণের সম্মুখে বিষয়টি স্পর্শকাতর, সংবেদনশীল ও গুরুত্ব বিবেচনায় প্রশাসনিক সুবিধা বিবেচনায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৭ অনুসারে উক্ত বিষয়ে সকল কার্যক্রম আরম্ভকরণ, সম্পন্নকরণের দায়িত্ব ও ক্ষমতা কমিশন সভার এজেন্ডা নং- **৯৫৪(১৭)(অতিরিক্ত-০১)** সিদ্ধান্ত মোতাবেক, কমিশন সচিবালয় ডিভিশনকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, কমিশনের উক্ত সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক কমিশন সচিবালয় ডিভিশন হতে কার্য সম্পাদিত হয়। কমিশন সভার এজেন্ডা নং- **৯৫৪(১৭)(অতিরিক্ত-০৩)** এর সিদ্ধান্ত মোতাবেক, **২৯.০৪.২০২৫** তারিখে তাঁর বিরুদ্ধে কমিশনের বিভাগীয় মামলা রুজু করে (মামলা নং-**০৩/২০২৫**) সাময়িক বরখাস্ত আদেশ জারী করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর নিকট প্রেরণ করে অপরাধের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিশ এর জবাব দাখিলের নির্দেশ দেয়া হয়; এবং

৩। যেহেতু, তিনি **১৪.০৫.২০২৫** তারিখে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগনামার জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানীর আবেদনের প্রেক্ষিতে **২৩.০৭.২০২৫** তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর বক্তব্য ও অভিযোগ পর্যালোচনাপূর্বক তাঁর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলা নং- **০৩/২০২৫** প্রমাণিত হলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ অনুযায়ী গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় একটি উপযুক্ত ও নিরপেক্ষ তদন্ত বোর্ড গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে আনীত অভিযোগ তদন্তের জন্য গত **২৭.০৭.২০২৫** তারিখে অনুষ্ঠিত **৯৬৬তম** (জরুরী) কমিশন সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ পরিপন্থী ও অবৈধ সংবাদ সম্মেলন ইত্যাদি ঘটনার প্রেক্ষিতে দায়েরকৃত ২৩ (তেইশ)টি বিভাগীয় মামলা তদন্ত করার জন্য একই প্রকৃতির অপরাধ বিবেচনায় নিয়ে গত **০৮.১০.২০২৫** তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩(তিন) জন কর্মকর্তার সমন্বয়ে ১(এক) টি **তদন্ত বোর্ড** গঠন করা হয়েছে; এবং

৪। যেহেতু, তদন্ত বোর্ডের দাখিলকৃত ০৮.০৭.২০২৬ তারিখের তদন্ত প্রতিবেদন অনুযায়ী সার্বিক পর্যালোচনায়, **জনাব মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (সাধারণ), বিএসইসি** গত **০৫.০৩.২০২৫** তারিখে কমিশন ভবনের বোর্ড রুমে আনুমানিক ১০:৪৫ টা থেকে শুরু হয়ে কমিশন সভা চলাকালে বিনা অনুমতিতে বোর্ড রুমে প্রবেশ করেছিলেন এবং বিভিন্ন দাবি আদায়ের জন্য কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের উপর বেআইনি চাপ প্রয়োগ করতে অন্যান্য বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তাদের সাথে দলবদ্ধভাবে অংশগ্রহণ করেছিলেন। একইভাবে ঐদিন অর্থাৎ **০৫.০৩.২০২৫** তারিখ বিকাল আনুমানিক ৪:৩০ টায় ভবনের গ্রাউন্ড ফ্লোরে আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত থেকে অন্যান্য অভিযুক্ত কর্মকর্তাদের সাথে অংশগ্রহণ করেছিলেন। পরবর্তীতে, **০৬.০৩.২০২৫** তারিখ ১০:৩০ টায় কমিশন ভবনের মাল্টিপারপাস হলে অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কমিটি গঠনের নিমিত্ত আয়োজিত সভায় অংশগ্রহণ করেছিলেন। এরপর উক্ত সভা শেষে আনুমানিক বেলা ০২:৩০টায় অনুষ্ঠিত সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সংবাদ সম্মেলন থেকে কমিশনের চেয়ারম্যান ও কমিশনারদের বিরুদ্ধে চাকুরী শৃঙ্খলা পরিপন্থি বিভিন্ন বিবৃতি প্রদান করে চেয়ারম্যান ও কমিশনারদের পদত্যাগ দাবি করা হয় এবং পদত্যাগ না করলে **০৬.০৩.২০২৫** তারিখ থেকে কর্মবিরতি ঘোষণা করা হয়। **জনাব মোহাম্মদ আবুল হাসান** অভিযুক্ত কর্মকর্তাদের সাথে উপস্থিত থেকে উক্ত সংবাদ সম্মেলনে অংশগ্রহণ করেন। এছাড়া তিনি বিএসইসি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের অন্তর্বর্তীকালীন কমিটির আহবায়ক হিসেবে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। **জনাব মোহাম্মদ আবুল হাসান** ০৫-০৩-২০২৫ তারিখে গঠিত বিএসইসি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের অন্তর্বর্তীকালীন কমিটির আহবায়ক হিসেবে ০৮-০৩-২০২৫ তারিখ শনিবার রাতে তিনি সবাইকে কাজে যোগদানের অনুরোধ জানিয়ে হোয়াটসঅ্যাপে এসএমএস দেন। এতে ০৬-০৩-২০২৫ তারিখ কর্মবিরতি পালনের সত্যতা পাওয়া যায়; এবং

৫। যেহেতু, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী সার্বিকভাবে, বিভাগীয় মামলা নং- **০৩/২০২৫** এ অভিযুক্ত **জনাব মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (সাধারণ), বিএসইসি** এর বিরুদ্ধে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণ দ্বারা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি **৩৬(১)(ক), ৩৬(২)(খ), ৩৬(৩), ৩৬(৬)** তৎসহ বিধি **২(১)** অনুযায়ী **'অসদাচরণ'** এর অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৬। যেহেতু, সকল বিষয় পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদন কমিশন কর্তৃক বিবেচনাকরতঃ তাঁর বিরুদ্ধে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১-এর অনুযায়ী **'অসদাচরণ'** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কমিশন বর্ণিত বিধির আওতায় তাঁকে দোষী সাব্যস্ত করে **২১.০৭.২০২৬** তারিখে

অনুষ্ঠিত কমিশনের **১০২১তম** কমিশন সভার এজেন্ডা নং-**১০২১(২৩)** এর সিদ্ধান্ত মোতাবেক তাঁর বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করতঃ এ প্রেক্ষিতে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত বা উক্ত বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদন্ড আরোপ করা হবে না মর্মে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি **৫৩** এর উপবিধি-**(৬)** অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে তাঁকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হয়। তদন্ত প্রতিবেদনের একটি কপিও তাকে প্রদান করা হয়; এবং

৭। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত **০২.০৮.২০২৬ইং** তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন, যা কমিশনের নিকট সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি; এবং

৮। যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজাদি ও প্রাসঙ্গিক বিধি-বিধান পর্যালোচনা ও বিবেচনাক্রমে বর্ণিত **'অসদাচরণ'** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী বিধিমালা, ২০২১ এর বিধি ৫০ এর আওতায় গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত **১০২৫তম** কমিশন সভায় চূড়ান্তভাবে বহাল রাখা হয়। উল্লেখ্য, তাঁর প্রমাণিত কর্মকান্ডের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় গুরুদণ্ড হিসেবে **'চাকরি হইতে বরখাস্ত'** শাস্তি আরোপযোগ্য হলেও মানবিক, আর্থিক ও সামাজিক দিক বিবেচনায় তাঁকে **'বাধ্যতামূলক অবসর'** প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে; এবং

৯। সেহেতু, **১৮.০৮.২০২৬ইং** তারিখে অনুষ্ঠিত **১০২৫তম** কমিশন সভার এজেন্ডা নং-**১০২৫(১০)(অতিরিক্ত-০২)** -এ কমিশন কর্তৃক **জনাব মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (সাধারণ), বিএসইসি**-কে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১' এর বিধি ২(১) ও ৪৯(খ) অনুযায়ী **'অসদাচরণ'** এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি **৫০(১)(খ)(ই)** এর আওতায় **'বাধ্যতামূলক অবসর'** নামীয় গুরুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত সিদ্ধান্ত মোতাবেক **জনাব মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (সাধারণ), বিএসইসি** - কে **'বাধ্যতামূলক অবসর'** প্রদান করা হলো। একই সঙ্গে **২৯.০৪.২০২৫** তারিখে জারিকৃত তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় এবং অন্যান্য সকল প্রকার পাওনাদি (যদি থাকে) অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স ডিভিশন বিধি মোতাবেক নিষ্পত্তি করবে।

১০। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মাসুদ খান 18 AUG 2026
চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**জনাব মোহাম্মদ আবুল হাসান**
পরিচালক (সাধারণ)
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, বীমা ও পুঁজিবাজার অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। পরিচালক, এমআইএস, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৬। ব্যক্তিগত কর্মকর্তা, কমিশনারগণের দপ্তর, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৭। সকল কর্মচারী, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৮। **জনাব মোহাম্মদ আবুল হাসান-**
**(ক) বর্তমান ঠিকানা:** পিতা- জনাব মোখতার আহম্মদ, বাড়ি নম্বর- ৩৩২, রাস্তা- ৫, মিরপুর, ডিওএইচএস, ঢাকা;
**(খ) স্থায়ী ঠিকানা:** পিতা- জনাব মোখতার আহম্মদ, গ্রাম- কাহারিঘোনা, ডাকঘর-চিরিঙ্গা, থানা- চকরিয়া, জেলা- কক্সবাজার।
৯। সংশ্লিষ্ট ব্যক্তিগত নথি;
১০। অফিস কপি।